

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًا فًات

আয়াতঃ ৩৭:১৭০

আরবি মূল আয়াত:

فَكَفَرُوا بِهِ فَسُوفَ يَعلَمُونَ ﴿١٧٠﴾

🗚 অনুবাদসমূহ:

অতঃপর তারা তা অস্বীকার করল অতএব শীঘ্রই তারা জানতে পারবে (এর পরিণাম)। — আল-বায়ান কিন্তু (এখন কুরআন আসার পর) তারা সেটা অমান্য ও অস্বীকার করল। তারা শীঘ্রই জানতে পারবে (এর পরিণাম)। — তাইসিক্রল

কিন্তু তারা কুরআন প্রত্যাখ্যান করল এবং শীঘ্রই তারা জানতে পারবে। — মুজিবুর রহমান

But they disbelieved in it, so they are going to know. — Sahih International

১৭০. কিন্তু তারা কুরআনের সাথে কুফরী করল। সুতরাং শীঘ্রই তারা জানতে পারবো(১);

(১) অর্থাৎ তারা তাদের কাছে নাযিলকৃত কিতাব কুরআনের সাথে কুফরী করেছে। অচিরেই তারা এ কুফরীর পরিণাম জানতে পারবে। [জালালাইন]

তাফসীরে জাকারিয়া

(১৭০) কিন্তু ওরা তা (কুরআন) প্রত্যাখ্যান করল[1] এবং শীঘ্রই ওরা এর পরিণাম জানতে পারবে।[2]

- [1] অর্থাৎ, যখন তাদের মনের বাসনা অনুযায়ী নবী (সাঃ) পথপ্রদর্শক হিসাবে এসে গেলেন, কুরআন মাজীদও অবতীর্ণ করে দেওয়া হল, তখন তারা তাঁর প্রতি ঈমান না এনে তাঁকে অস্বীকার করে বসল!
- [2] এটা তাদের জন্য ধমক যে, এই অস্বীকারের কুফল অতি তাড়াতাড়ি তারা জানতে পারবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3958

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন